আলমডাঙ্গার থানায় বিদায় ও বরণ অনুষ্ঠান

আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ সৈয়দ আসিকুর রহমান চুয়াডাঙ্গা ডিএসবিতে বদলী। নড়াইল নড়াগাছা থানার ওসি আলমগীর কবির আলমডাঙ্গা থানায় যোগদান।

গতকাল সন্ধায় আলমডাঙ্গা থানার দায়িত্ব গ্রহন করেন।এ সময় বিদায় ও নবাগত ওসির যোগদান উপলক্ষে আলোচনা সভা অনুষ্টিত হয়েছে।
সবাগত ওসি আলমগীর কবিরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক ওসি সৈয়দ আশিকুর রহমান।

তিনি বলেন, আমি আপনাদের সাথে ৪ মাস কাজ করার সুযোগ পেয়েছি, জানি না কতটুকু সফলতা পেয়েছি, তবে চাকরি করতে হলে আপনাদের সততা ও নিষ্টার সাথে দায়িত্ব পালন করতে হবে। আমি আজ দায়িত্ব বুঝিয়ে দিয়েছি, বর্তমান ওসি আলমগীর আমার ছোট ভাই, সে খুবই দায়িত্ববান অফিসার, তাকে তোমরা সকলে সহয়তা করবে।

ওসি তদন্ত গাজী শামিমের উপস্থাপনায় আরও বক্তব্য রাখেন এস আই মহাব্বত, এসআই জিয়া, এসআই জুয়েল, এ এসআই সাইফুল, এএসআই মোস্তফা, আলমডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম আজম।

সব শেষে নবাগত ওসি আলমগীর কবির বলেন, স্যার অত্যান্ত নিষ্টাবান, কর্তব্যপরায়নতার সাথে কাজ করেন। উনার সাথে আমার দুই, তিনটি স্টেশনে কাজ করার সুযোগ হয়েছে। আমাকে যখন ডিআইজি স্যার ওসি হিসেবে যোগদান করতে বল্লেন, তখন জানতাম না স্যারের স্থলে আমাকে যোগদান করতে হবে। যাহোক আমি দোয়া করি স্যার যেখানে থাক ভাল থাকুক।

অফিসারদের উদ্দেশ্যে বলেন, আপনারা আমাকে সার্বিক সহায়তা করবেন, আমি আপনাদের সহায়তা চাই, তবে মনে রাখবেন কর্তব্যে অবহেলা করলে তার বিরুদ্ধে ব্যাবস্থা নিতে ব্যাধ্য হব। ভাল কাজ করবেন, পুরস্কার পাবেন। আমি যে কয়দিন থাকব সেই কয়দিন আপনাদের সহযোগীতা চাই।

আসেন সকলে মিলে আলমডাঙ্গা থানাকে সন্ত্রাস মুক্ত, মাদক মুক্ত, করি সাধারণ মানুষের সাথে ভাল ব্যাবহার করবেন।

এর আগে কবি গোলাম রহমান চৌধুরি বিদায়ী ও নবাগত ওসিকে স্বরচিত কবিতা লিখে বাধাই করে উপহার দেন।

মেপ্র/আরপি

ধানখোলায় মিয়াবাড়ীর মিলন মোহনা

দিন ব্যাপি বর্ণাঢ্য আয়োজনে মেহেরপুরের গাংনী উপজেলার ধানখোলা গ্রামের ঐতিহ্যবাহী মিয়াবাড়ীর সদস্যদের মিলন মোহনা অনুষ্ঠিত হয়েছে। পারিবারিক সম্প্রীতির বন্ধন মজবুত করতেই ঐতিহ্যবাহী পাকা পুকুর পাড়ে এই মিলন মোহনা অনুষ্ঠিত হয়।

গতকাল শুক্রবার সকালে ধানখোলা গ্রামের মিয়াবাড়ির ছেলে, মেয়ে, জামায়সহ সকলেই বিভিন্ন সাজে হাজির হয় ঐতিহ্যবাহী পাকা পুকুর পাড়ে। পাঁচ প্রজন্মের উপস্থিতিতে শুরু হয় নতুন করে পরিচিত-অপরিচিত ছোট বড় সকলের কুশল বিনিময় ও পরিচিতি পর্ব।

গাংনী মহিলা ডিগ্রি কলেজের অধ্যক্ষ খোরশেদ আলীর উদ্যোগে, এমএস জোহা কলেজের প্রভাষক আলিমুজ্জামান বাবু ও ধানখোলা মাঝের পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাজেদুল আলম শাহিনের সমন্বয়ে মিয়াবাড়ির পাঁচ প্রজন্মের বিভিন্ন বয়সের সদস্যরা মিলন মোহনা উপস্থিত হয়।

আগত সকলের সামনে প্রয়াত পূর্বপুরুষদের চিত্র প্রদর্শন, স্মৃতিচারণ ও তাদের আত্মার মাগফেরাতের জন্য বিশেষ দোয়া মোনাজাত করা হয়। দোয়া শেষে শিশুদের চিত্রাংকন, আবৃতি প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়। দুপুরে মধ্যাহ্ন ভোজের পরে শুরু হয় কুইজ প্রতিযোগীতা, বড়দের হাড়ি ভাঙ্গা খেলাসহ বিভিন্ন প্রতিযোগীতা ও লাকী কুপন ড্র অনুষ্ঠিত হয়।

উদ্যোক্তা খোরশেদ আলীর নেতৃত্বে ঐতিহ্যবাহী এ অনুষ্ঠানে যোগদেন মিয়াবাড়ীর জামাতা গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম.এ খালেক।

অতিথি হিসেবে এই মিলন মেলায় উপস্থিত হয়েছিলেন গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা ওবাইদুর রহমান। দেশের বিভিন্ন প্রান্তে অবস্থান করায় অনেকের সাথেই দীর্ঘদিন পর সাক্ষাৎ পেয়ে আনন্দ উল্লাসে মেতে ওঠে ছোট বড় সকলেই। এ যেন এক নতুন পৃথিবী। এই প্রথম এরকম অনুষ্ঠানের আয়োজন করায় উদ্যোক্তা ও সমন্বয়কারীদের প্রতি যেনো সকলেই কৃতজ্ঞতার শেষ নেই। সকলের অনুরোধ এই ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য।

এসময় জেলা আওয়ামী লীগের সাবেক মহিলা বিষয়ক সম্পাদক নুরজাহান বেগম বলেন, আমি মিয়াবাড়ির মেয়ে, ঈদের সময়ও এই আনন্দটুকু ভাগাভাগি করার সুযোগ হয় না। সকলেই পরিবারের কাজ আত্মীয় স্বজনের সাথে দেখা করতে গিয়ে আর আমাদের কয়েক প্রজন্মের মানুষের সাথে সাক্ষাৎ হয়না।

আশা করি এখন থেকে প্রতিবছরই আমরা এরকম আয়োজন করতে পারবো।

মেপ্র/আরপি

দর্শনায় পৃথক অভিযানে দুই মাদক ব্যাবসায়ী আটক

চুয়াডাঙ্গার দর্শনা থানা পুলিশের পৃথক দুইটি মাদক বিরোধী অভিযানে ৪২ বোতল ফেন্সিডিল ও ১টি মোটরসাইকেল এবং ১টি বাইসাইকেল সহ পরানপুর গ্রামের সুলতান (৩০) ও লোকনাথপুরের সাগর (২০) নামের দুই জন গ্রেফতার হয়েছে।

গতকাল দুপুর থেকে রাত পর্যন্ত পৃথক দু’টি অভিযানে লোকনাথপুরের সাগর ও দর্শনা পরানপুরের সুলতানকে গ্রেফতার করা হয়েছে।

পুলিশ জানায়, চুয়াডাঙ্গা জেলার মাননীয় পুলিশ সুপার জাহিদুল ইসলাম এর নির্দেশে গতকাল শুক্রবার দুপুর থেকে রাত ৯ টা পর্যন্ত দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) মাহবুবুর রহমানের নেতৃত্বে গোপন সংবাদের ভিত্তিতে ওসি (তদন্ত) শেখ মাহবুবুর রহমান,

এস আই শরিফুল, এস আই শফিকুল, এ এস আই মারুফ সহ সঙ্গীয় ফোর্স পৃথক পৃথক দুটি অভিযানে ২ জন মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করে।

প্রথমে দুপুর ১:১৫ ঘটিকার সময় দর্শনা পৌর এলাকার রামনগর থেকে মাদক বিরোধী অভিযান চালিয়ে সুলতান কে ৩৩ বোতল ফেন্সিডিল ও ১টি মোটরসাইকেল সহ গ্রেফতার করা হয়। পরে রাত পোনে ৯টার সময় জিরাট মোড় থেকে সাগর কে ৯ বোতল ফেন্সিডিল ও ১ টি বাইসাইকেল সহ গ্রেফতার করা হয়।

আটককৃত সুলতান দর্শনা থানাধীন পৌর এলাকার পরানপুর গ্রামের আমির হোসেনের ছেলে ও সাগর লোকনাথপুর পশ্চিমপাড়ার কদর আলীর ছেলে। গতকালই আটককৃত আসামীদের বিরুদ্ধে মাদক আইনে মামলা দায়ের করা হয়েছে।

মেপ্র/আরপি

গাংনীতে স্বেচ্ছাসেবকলীগের প্রস্তুুতি সভা

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় পালন করার লক্ষে মেহেরপুরের গাংনীতে প্রস্তুুতি সভা অনুষ্ঠিত হয়েছে।
গতকাল শুক্রবার সন্ধ্যায় সেচ্ছাসেবকলীগের উদ্যোগে গাংনী অডিটোরিয়ামে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় জেলা সেচ্ছাসেবকলীগের যুগ্ন আহবায়ক আরিফুল ইসলাম সোবহানের সভাপতিত্বে প্রধান অতিথী হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম.এ খালেক।

প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন কেন্দ্রীয় সেচ্ছাসেবকলীগের সদস্য আদনান সুমন।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা সেচ্ছাসেবকলীগ আহবায়ক আরিফুল এনাম বকুল।

এছাড়া বক্তব্য রাখেন, সেচ্ছাসেবকলীগ নেতা তারিফুল ইসলাম জীবন, মেহেরপুর সদর উপজেলা সেচ্ছাসেবকলীগের সভাপতি ছানোয়ার হোসেন, মুজিবনগর উপজেলা সেচ্ছাসেবকলীগের সাধারণ সম্পাদক আরিফ শাহ, সাবেক ছাত্রনেতা হুমায়ন কবির রিপন, সেচ্ছাবেকলীগ নেতা আব্দুল মান্নান প্রমুখ।

এসময় ছাত্রলীগ নেতা আসিফ ইকবাল অনিক সহ সেচ্ছাসেবকলীগের বিভিন্ন পর্যায়ের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন সাবেক ছাত্র নেতা জীবন আকবর।

মেপ্র/আরপি

মেহেরপুরের সোনাপুরে গৃহবধূকে হত্যার অভিযোগ

মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়নের সোনাপুর গ্রামে এক গৃহবধূকে হত্যা শেষে বাঁশবাগানে ঝুলিয়ে রাখার অভিযোগ উঠেছে।

গলায় ফাঁস অবস্থায় মরদেহ ঝুলে থাকলেও পা দুটি মাটিতে লেগে থাকায় ধারণা করা হচ্ছে শ্বাসরোধ করে হত্যা শেষে লাশ ঝুলিয়ে রাখা হয়েছে। তবে ময়নাতদন্ত রিপোর্ট পাওয়ার পর আসল ঘটনা জানা যাবে।

গতকাল শুক্রবার সকাল আটটার দিকে সোনাপুর গ্রামের মোসলেম মন্ডলের বাঁশ বাগান থেকে আয়েশা খাতুন (২২) নামের এক গৃহবধূর লাশ উদ্ধার করে পুলিশ।

জানা যায়, সোনাপুর গ্রামের মতিন মন্ডলের ছেলে নারীলোভী বাপ্পারাজের লালসার শিকার হয়ে পাঁচ বছর আগে বিবাহ বন্ধনে আবদ্ধ হয় একই গ্রামের মনিরুল ইসলাম ঝড়ুর মেয়ে আয়েশা খাতুন। বিভিন্ন প্রকার হুমকি ও ভয়ভীতি দেখিয়ে বিয়ে দিতে বাধ্য করেন বাপ্পারাজ। ইতিপূর্বেও বাপ্পারাজ চারটি বিয়ে করে এবং তাদের তালাক দেয়।

বাপ্পারাজ প্রভাবশালী হওয়ায় সে একের পর এক এই ধরনের অপকর্ম করে বেড়ায়। পরে তারই লালসার শিকার হয় দিনমজুর মনিরুল ইসলাম ঝড়ুর

সুন্দরী কন্যা আয়েশা খাতুন এবং তারা বিবাহ বন্ধনে আবদ্ধ হয়। পাঁচ বছরের সংসার জীবনে তাদের ঘরে জন্ম নেয় রিয়ান (১) নামের ফুটফুটে এক পুত্র সন্তান।

আয়েশার সাথে বিয়ের পরে বেরিয়ে আসে বাপ্পারাজের আসল চেহারা। বিভিন্ন সময়ে এসে বিভিন্ন অজুহাতে আয়েশার উপরে শারীরিক ও মানসিক নির্যাতন চালাতে থাকে।

এরই এক পর্যায়ে গতকাল সকালে গ্রাম্য কবরস্থানের পাশের একটি বাঁশবাগানে আয়েশার ঝুলন্ত লাশ দেখতে পায় পিজির নামের এক যুবক। সে জমিতে সেচ দেওয়ার কাজে যাওয়ার পথে ঝুলন্ত লাশ দেখতে পেয়ে গ্রামবাসীকে খবর দেয়। পরে পুলিশকে খবর দেওয়া হলে যাদুখালি পুলিশ ক্যাম্প ইনচার্জ এসআই উত্তম কুমার সঙ্গীয় ফোর্স নিয়ে ঘটনাস্থলে আসেন। আত্মহত্যার খবরে লাশ দেখতে ভিড় জমান উৎসুক জনতা। মরদেহটি ঝুলন্ত অবস্থাতেই মাটিতে পা ঠেকে থাকায় সন্দেহের তীর ছোড়েন এলাকাবাসী।

তারা বলেন, একি আত্মহত্যা না কি কোথা থেকে পরিকল্পিত ভাবে হত্যা করে এনে লাশটি ঝুলিয়ে রাখা হয়েছে।

পরে পুলিশ লাশের সুরতহাল রিপোর্ট সংগ্রহ করে ময়নাতদন্তের জন্য মেহেরপুর মর্গে পাঠায়। ময়নাতদন্ত শেষে পরিবারের কাছে হস্তান্তর করা হয়। ময়নাতদন্তের প্রতিবেদন হাতে এলেই জানা যাবে হত্যার প্রকৃত রহস্য।

এদিকে এ ঘটনার পর থেকে আত্মগোপনে রয়েছে বাপ্পারাজ ও তার পরিবারের লোকজন। এ বিষয়ে পুলিশ কাউকে গ্রেফতার করতে পারেনি। এ ব্যাপারে একটি হত্যা মামলার প্রস্তুতি চলছে।

মেপ্র/আরপি

ঘুষ নিয়েও মাতৃত্বকালীন ভাতা

তুলে নিয়েছেন মিঠু মেম্বর!

গর্ভবতী মায়ের ভাতার টাকা দেওয়ার নাম করে ৪ হাজার ৫’শ টাকা নেওয়ার অভিযোগ উঠেছে ইউপি মেম্বার মিঠুর বিরুদ্ধে। জীবননগর উপজেলার কে.ডি.কে ইউনিয়নের দেহাটি গ্রামে এ ঘটনা ঘটেছে।

জানা গেছে, সরকারি ভাবে গর্ভবতী মায়েদের জন্য ভাতার ব্যবস্থা করা হলেও সেখানে গর্ভবর্তী মায়েদের নাম দিলেও ইউপি মেম্বার গর্ভবতী মায়ের পরিচয়ে টাকা তুলে নিচ্ছেন। ঘটনাটি এলাকায় টপঅপ দ্যা গ্রামে পরিনত হয়েছে।

গর্ভবর্তী পারভিনা অভিযোগ করে বলেন, আমার নামে মিঠু মেম্বার একটি গর্ভবর্তীর কার্ড করে দেওয়ার কথা বলে আমার নিকট থেকে ৪ হাজার ৫শ টাকা নিয়ে ছিলো আমি ধান বিক্রি করে তার কাছে টাকা দিয়েছিলাম। কিন্তুু আমার টাকা না দিয়ে আমার কাগজপত্র জাল করে এবং আমার সন্তানের কাগজপত্র নিয়ে তিনি অন্য পারভিনের নামে টাকা তুলে নিয়েছে।

অফিস থেকে আমাকে যখন টাকার কথা বলে তখন আমি বলি আমি তো কোন টাকা তুলিনি তখন অফিস থেকে আমাকে বলে আপনার নামে টাকা তো তোলা হয়েছে তখন আমি তখন মেম্বারকে বলি তিনি বলেন, তোমার কার্ড জমা দিয়েছি ভাতা হলে তোমাকে বলা হবে।আর ওই বিষয়টি আমি দেখছি এই বলে তিনি চলে যায়।

তথ্যনুসন্ধানে জানা গেছে, মিঠু মেম্বারের বিরুদ্ধে রয়েছে নানা অভিযোগ তিনি ক্ষমতাহীন দলের ছত্রছায়ায় থাকায় ইউনিয়নে বিভিন্ন ধরনের অপকর্ম করে বেড়াই। তা ছাড়া তার ভয়ে কেউ মুখখুলতে সাহস পায় না।

নাম প্রকাশে অনিচ্ছুক এক ব্যাক্তি অভিযোগ করে বলেন, মিঠু মেম্বার শুধু মাতৃত্বকালীন ভাতার টাকা তুলে নেওয়া নয় সে সরকারি ভাবে বরাদ্ধকৃত ঘরের টাকা, বয়স্কভাতার কার্ড, বিধবা ভাতার কার্ড দেওয়ার নাম করেও টাকা নিয়ে থাকেন। কার্ড কেটে দেওয়া ও তাদের উপর হামলা করার ভয়ে কোন প্রতিবাদ করতে পারে না।

মিঠু মেম্বারের সাথে কথা বললে তিনি বলেন, আমি কোন মাতৃত্বোকালীন ভাতার টাকা তুলিনি এবং কাউকে কার্ড দেওয়ার নাম করে টাকা গ্রহণ করিনি আমার বিরুদ্ধে মিথ্যা অভিযোগ তোলা হয়েছে।

আমি এ বিষয়টি জানি না।

কে.ডি.কে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান খাইরুল বাশার শিপলু বলেন, মাতৃত্বোকালীন ভাতার কাডের টাকার বিষয়টি আমি জানি এমন কি আমার কাছে এখন ও পর্যন্ত কেউ কোন অভিযোগ করেনি।

যদি কোন ইউপি সদস্য এ ঘটনার সাথে জড়িত থাকে তা হলে অভিযোগ পেলে তদন্তপুর্বক ব্যবস্থা নেওয়া হবে।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা বলেন, কে.ডি.কে ইউপি মেম্বার মিঠুর বিরুদ্ধে মাতৃত্বকালীন ভাতা দেওয়ার নাম করে যে টাকা নেওয়ার অভিযোগ উঠেছে এ বিষয়ে এখন পর্যন্ত কেউ অভিযোগ করে নাই।

তাছাড়া সরকার মাতৃত্বকালীন ভাতা বিনা অর্থে দিচ্ছে যদি কেউ টাকা নিয়ে থাকে তা হলে অভিযোগ পেলে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

উপজেলা নির্বাহী অফিসার সিরাজুল ইসলাম বলেন, মাতৃত্বকালীন ভাতা দেওয়ার নামে যদি কেউ টাকা নিয়ে থাকে তা হলে অভিযোগ পেলে তদন্তপূর্বক আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

মেপ্র/আরপি

গাংনীতে সরকারী গাছ কাটতে গিয়ে হোঁচট খেলেন প্রধান শিক্ষক

মেহেরপুরের গাংনীতে সরকারী গাছ কাটতে গিয়ে পুলিশের বাধার মুখে পিছু হঠলেন লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাকির হোসেন।

গত বুধবার সকাল ১০ টায় গোপালনগর লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয় সংলগ্ন রাস্তার পাশে একটি গাছ কাটতে গেলে এলাঙ্গি পুলিশ ক্যাম্পের সদস্যরা বাধা দেয়। এ ঘটনায় প্রধান শিক্ষক জাকির

হোসেনের বিরুদ্ধে নানা সমালোচনা শুরু হয়েছে।

এলাঙ্গি পুলিশ ক্যাম্পের ইনচার্জ টি এস আই মিজানুর রহমান জানান, লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাকির হোসেন রাস্তা সংলগ্ন সরকারী একটি মেহগুনি গাছ কাটছে এমন সংবাদ পেয়ে কর্তৃপক্ষের অনুমতি ছাড়া গাছ কাটতে নিষেধ করা হয়েছে। পুলিশ পৌছানোর পূর্বেই ডালপালা ও গাছের নীচের বেশির ভাগ অংশ কাটা হয়েছে। বনবিভাগ কিংবা স্থানীয় কোন কর্তৃপক্ষের অনুমতির কাগজ দেখাতে পারলে পুলিশ বাধা দেবেনা। সরকারী সম্পদ রক্ষা করার আমার কর্তব্য ও নৈতিক দায়িত্ব। আমি শুধু মাত্র আমার দায়িত্ব পালন করেছি।

লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাকির হোসেন জানান,এই গাছটি প্রয়াত প্রধান শিক্ষক নাজমুল হোসেনের হাতে লাগানো। গাছটি স্কুলের ভেবে ফার্নিচার তৈরি করার জন্য কাটার সিদ্ধান্ত নেয়া হয়েছিলা। এলাঙ্গি পুলিশ ক্যাম্পের সদস্যরা কর্তৃপক্ষের অনুমতি ছাড়া গাছ কাটতে নিষেধ করার কারনে গাছ কাটা বন্ধ রাখা হয়েছে।

এ বিষয়ে কথা বলতে শুক্রবার সকাল ১১ টায় গাংনী বন কর্মতার ব্যবহৃত মোবাইল ফোনে কল দিলে বন্ধ পাওয়া যায়।

গাংনী মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাশার জানান,গাছ যদি বন বিভাগের হয়ে থাকে তাহলে তারা আইনগত ব্যবস্থা নেবে। আর যদি বিদ্যালয়ের গাছ হয় তাহলে অনুমতি না নিয়ে গাছ কাটা কিংবা চেষ্টার অপরাধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

মেপ্র/আরপি

জাহাঙ্গীরনগর বিশ্ব বিদ্যালয়ে মেহেরপুর জেলা ছাত্র কল্যাণ

সমিতির কমিটি গঠন

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে মেহেরপুর জেলা ছাত্র কল্যাণ সমিতির আয়োজনে, বর্তমান ও সাবেক শিক্ষার্থীদের অংশগ্রহণে নবীন বরণ, বিদায়, কমিটি গঠন ও পিকনিকের আয়োজন করা হয়।

গতকাল শুক্রবার বিশ^বিদ্যালয়ে সুইজারল্যান্ড এরিয়াতে অনুষ্ঠিত অনুষ্ঠানে পুরাতন কমিটির দায়িত্ব সমাপ্তি এবং নতুন কমিটি ঘোষনা করা হয়। মাইক্রোবায়োলজি বিভাগের শিক্ষার্থী ইজাজ আহমেদ হিমেলকে সভাপতি এবং বাংলা বিভাগের শিক্ষার্থী সুমন রেজাকে সাধারণ সম্পাদক নির্বাচিত করা হয়।

কমিটির অন্য সদস্যরা হলেন- সহ-সভাপতি গণিত বিভাগের উজ্জল মিঞা, পরিসংখ্যান বিভাগের নাসরিন আক্তার মিমি ও আফসানা স্রুতি, যুগ্ম সাধারণ সম্পাদক পদার্থ বিভাগের উম্মে সালমা সাথী, অর্থনীতি বিভাগের রাসেল, প্রত্মতত্ত্ব বিভাগের সালমা, রসায়ন বিভাগের বুলবুল, সাংগঠনিক সম্পাদক প্রাণ রসায়ন বিভাগের সেলিম রেজা, গণিত বিভাগের আব্দুর রউফ ইমন, অর্থ সম্পাদক পরিসংখান বিভাগের সাইদ, সহ-অর্থ সম্পাদক আইবিএ বিভাগের মাহফুজ, প্রচার সম্পাদক বঙ্গবন্ধু তুলনামূলক সাহিত্য বিভাগের রকিবুল ইসলাম রকি, সহ প্রচার সম্পাদক আইন বিভাগের অরিন বিশ্বাস, শিক্ষা সম্পাদক সাংবাদিকতা বিভাগের বিজন, সহ-শিক্ষা বিষয়ক সম্পাদক ভ’গোল ও পরিবেশ বিভাগের দোযা।

এসময় নতুন দায়িত্ব প্রাপ্ত সভাপতি বলেন, বরাবরের ন্যায় সাবেক শিক্ষার্থী এবং বর্তমান শিক্ষার্থী দের সাথে নিয়ে একযোগে মেহেরপুর জেলা হতে আগত ভর্তিচ্ছুদের যাবতীয় সাহায্য করা হবে। এবং এই সংগঠনের মাধ্যমে মেহেরপুর জেলার সকল শেণীপেশার মানুষের জন্য নিজ নিজ অবস্থান থেকে সাহায্য সহযোগিতা করা হবে। এছাড়াও মেহেরপুর জেলার দরিদ্র এবং মেধাবী ছাত্রদের জন্য এই সংগঠন থেকে বৃত্তিসেবা প্রদান করা হবে, যা ইতোমধ্যে প্রক্রিয়াধীন অবস্থায় রয়েছে।

মেপ্র/আরপি

ঝিনাইদহে জাতীয় পাট দিবস পালিত

‘সোনালী আশেঁর সোনার দেশ, মুজিব বর্ষে বাংলাদেশ’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে জাতীয় পাট দিবস পালিত হয়েছে।

জেলা প্রশাসন ও পাট অধিদপ্তরের আয়োজনে শুক্রবার সকালে কালেক্টরেট চত্বর থেকে একটি র্যালী বের করা হয়। র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আরিফ-উজ-জামান এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) খান আব্দুল্লা আল মামুন, জেলা পাট উন্নয়ন কর্মকর্তা কে এম আব্দুল বাকী প্রমূখ। অনুষ্ঠানে জেলার ৬ উপজেলার পাট চাষী ও ব্যবসায়ীরা বক্তব্য রাখেন।

বক্তারা, পাটের উৎপাদন বৃদ্ধির জন্য কৃষক পর্যায়ে দেশীয় পাটবীজ উৎপাদনে ও মৌসুমে পাটের ন্যায্য মুল্যে নিশ্চিত করতে সরকারের সহযোগিতা কামনা করেন।

পরে জেলার ৬ জন শ্রেষ্ঠ পাট, পাটবীজ উৎপাদনকারী ও পাটের বস্তা ব্যবহারকারীদের পুরস্কৃত করা হয়।

মেপ্র/আরপি

মেহেরপুরের বারাদীতে চানাচুর খেয়ে অসুস্থ -৫

মেহেরপুরে চানাচুর খেয়ে ৫ জন অসুস্থ। ২জন কে প্রাথমিক চিকিৎসা দিয়ে ছেড়ে দেওয়া হলেও বাকি তিন জনকে কুষ্টিয়া মেডিক্যাল কলেজ

হাসপাতালে রেফার্ড করা হয়েছে৷

শুক্রবার সকালে মেহেরপুর সদর উপজেলার বারাদি গ্রামে এ ঘটনা ঘটে।

রোগীর আত্মীয় সজনদের মাধ্যমে জানা যায়, খোলা বাজারের চানাচুর খেয়ে বাচ্চারা অসুস্থ হয়ে পড়ে। পরে তাদের মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে আসা হয়৷

অসুস্থরা হলেন বারাদি গ্ৰামের সাজাহানের মেয়ে সানজিতা (০২) ও শাহানাজ (১৮) এবং একই এলাকার খাদিমুলের মেয়ে, ময়না (৩২), দুখুর মেয়ে খাদিজা (১৩), আরমানের মেয়ে তামান্না (১০)।

ঘটনার বিবরণে সাজাহান বলেন, আমার ফুপু বারাদি বাজার থেকে খোলা চানাচুর কিনে এনেছিলেন সেই চানাচুর খাওয়ার পর বাড়ির সকলে অসুস্থ হয়ে পড়লে তাদের দ্রুত হাসপাতালে নিয়ে আসি। চানাচুর বিক্রেতা নাম ঠিকানা জানা যায় নি।

মেপ্র/এমএফআর